**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অধ্যক্ষের কার্যালয়**
সরকারি তোলারাম কলেজ
নারায়ণগঞ্জ

তারিখ: ০২/০২/২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামি ০৩/০২/২০২৬ হতে ১৯/০২/২০২৬ তারিখের মধ্যে **www.pmeat.gov.bd** অথবা **কলেজ রোডের কম্পিউটার দোকান** হতে উপবৃত্তি ফরম সংগ্রহ করে সঠিক তথ্য দিয়ে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ অবশ্যই আগামি ০৩/০২/২০২৬ হতে ১৯/০২/২০২৬ তারিখের মধ্যে **(সকাল ১০:০০টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত)** মূল ভবনের পিছনে সাধারণ শাখার কাউন্টার-এ জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

| আবেদনপত্রের সঙ্গে যা যা জমা দিতে হবে | আবেদন ফরম পূরণের প্রয়োজনীয় তথ্য |
|---|---|
| ১।**শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ এর ফটোকপি (১৭ ডিজিটের ডিজিটাল নম্বর হতে হবে)।**<br>২। পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি।<br>৩। এসএসসি পাসের নম্বরপত্রের ০১ টি ফটোকপি।<br>৪। এসএসসি রেজিস্ট্রেশন কার্ডের ০১ টি ফটোকপি।<br>৫। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)- ১টি করে।<br>৬। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা) ০১ টি।<br>৭। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/ বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর থাকতে হবে। | ১। জেনারেল ব্যাকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে অভিভাবকের নাম দিতে হবে। স্কুল ব্যাংকিং একাউন্ট এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।<br>২। পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে শিক্ষার্থীর নিজ নামীয় একাউন্ট হিসাবে অনলাইন স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।<br>৩। এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুললে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে অথবা পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুললে পিতা/মাতার নাম একাউন্টধারীর নাম হিসাবে লিখতে হবে।<br>৪। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর এনআইডি দিয়ে সংশ্লিষ্ট সিম রেজিস্ট্রেশন এবং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে পিতা/মাতার নাম লিখতে হবে। |

**বি. দ্র.: আবেদনপত্রসহ সকল কাগজপত্রের অবশ্যই ০১ (এক) সেট করে জমা দিতে হবে। সঠিক তথ্য ও উপাত্ত দিয়ে আবেদন ফরম পূরণ না করলে বৃত্তি পাওয়া যাবে না।**

**উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ এন্ট্রি/আবেদন করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চিয়তা প্রদান করে না**

02.02.2026

**(প্রফেসর মো. শহীদুল ইসলাম)**
আইডি নম্বর: ১১১৬
অধ্যক্ষ
সরকারি তোলারাম কলেজ
নারায়ণগঞ্জ